প্রতিদিনের সংবাদ
www.protidinersangbad.com

# বিশ্বের সাত বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ডিআইইউর সমঝোতা স্মারক

প্রকাশ | ২৩ জুলাই ২০১৮, ০০:০০

অনলাইন ডেস্ক




ইন্দোনেশিয়ার ইউনিভার্সিটি অব সুরাবায়াতে (ইউবিএওয়াইএ) ৯-১২ জুলাই অনুষ্ঠিত ১ম এইউএপি ও আইএইউপি যৌথ আন্তর্জাতিক সম্মেলন এবং ৩৩তম এইউএপি বার্ষিক সম্মেলনে যোগ দিয়েছেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মো. সবুর খান। সম্মেলনে 'এইউএপির গুণগত মান নিশ্চিতকরণে আদর্শ আন্তর্জাতিক সূচকও নিয়ামক নিরূপণ' শীর্ষক সভায় সভাপতিত্বও করেন তিনি।

এইউএপি সম্মেলনের তৃতীয় দিন ১১ জুলাই অস্ট্রেলিয়া, কানাডা, জর্জিয়া, ফিলিপাইন, আজারবাইজান ও ঘানার ৭টি বিশ্ববিদ্যায়ের সঙ্গে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয় নিয়ে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সঙ্গে ১০টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। ড. মো. সবুর খান ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়ের পক্ষে এসব সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

সমঝোতা স্মারকের ফলে এখন থেকে এসব প্রখ্যাত বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির শিক্ষক ও শিক্ষার্থী বিনিময়, সামার স্কুল প্রোগ্রাম, শিক্ষক প্রশিক্ষণ, শিক্ষা সফর, দ্বৈত সনদ, ক্রেডিট স্থানান্তর, যৌথ গবেষণা, শিক্ষাবৃত্তি ইত্যাদি কর্মসূচি পরিচালিত হবে। 'ডিজিটাল যুগে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের টেকসই উন্নয়ন' প্রতিপাদ্যকে সামনে রেখে এইউএপি সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের নেতা, শিক্ষাবিদ, গবেষকরা তাদের নতুন নতুন উদ্ভাবনী জ্ঞানবিনিময় করেন। সংবাদ বিজ্ঞপ্তি।

"

ভারপ্রাপ্ত সম্পাদক : **মাহমুদ আনোয়ার হোসেন**, ফ্রন্ট মিডিয়া লিমিটেড এর পক্ষে **মোঃ তাজুল ইসলাম** কর্তৃক ১৫৯/ ডি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে প্রকাশিত ও মিডিয়া প্রিন্টার্স, ৪৪৬/এইচ, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮, ঢাকা থেকে মুদ্রিত। ফোন :